# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ২. ১৩. ষাট হাত-বিশ হাত ঘর তৈরির গল্প

বাদশাহ সোলায়মান মাবুদের জন্য যে ঘরটা তৈরি করেছিলেন তা লম্বায় ছিল ষাট হাত, চওড়ায় বিশ হাত ও উচ্চতায় ত্রিশ হাত। (১ বাদশাহনামা ৬/২ ও ২ খান্দাননামা ৩/৩) অর্থাৎ ৯০X৩৩ X ৩৩ ফুট। এ ঘরটা তৈরি করতে:

১,৫৩,৩০০ মানুষ কর্মরত ছিল। (১ বাদশাহনামা ৫/১৫-১৬) ঘরটা তৈরি করতে সাত বছর সময় লেগেছিল। (১ বাদশাহনামা ৬/৩৮) ঘরটা নির্মাণে ব্যবহার করা হয়েছিল তিন হাজার ন'শো টন সোনা এবং ঊনচল্লিশ হাজার টন রূপা (৭৫ লক্ষ পাউন্ড সোনা এবং ৭ কোটি ৫০ লক্ষ পাউন্ড রূপা) (১ খান্দাননামা ২২/১৪)। এ নির্মাণকর্ম তত্ত্বাবধান করতে ২৪,০০০ সুপারভাইজার, ৬,০০০ অফিসার ও বিচারক এবং ৪,০০০ জন রক্ষী নিয়োগ দেওয়া হয়েছিল। (১ খান্দাননামা ২৩/৪)

প্রায় দেড় লক্ষ মানুষ ৭ বছর ধরে ৬০ হাত দীর্ঘ ও বিশ হাত চওড়া একটা ঘর তৈরি করলেন! আর ঘরের মধ্যে প্রায় ৫০ হাজার টন সোনা ও রূপা ব্যবহার করলেন! পুরো বিবরণ অবিশ্বাস্য ও কাল্পনিক বলেই প্রতীয়মান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14500

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন